

এমপিকিউ

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নোক্ত পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে প্রণীত এমপিকিউ

ক্র.ন	পদের নাম ও বেতন স্কেল	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	পরীক্ষা নিয়ন্ত্রক	টাকা ৫৬৫০০- ৭৪৪০০/- (গ্রেড-৩য়)	ক) সরকারিভাবে স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে এমবিবিএস/ বিডিএস পাশ যা অবশ্যই BMDC কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে। খ) সহযোগী অধ্যাপক/সমমান পদে ০৪ বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। অথবা গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৩/৪ বছরের স্নাতক (সম্মান) অথবা স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি। ঘ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে। ঙ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/পরীক্ষা/ সমপর্যায়ের কাজে কর্মকর্তা পদে কমপক্ষে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতাসহ ন্যূনপক্ষে ৫ম গ্রেডে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/সমমান পদে ০৪ বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। চ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ হতে হবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়। ছ) চিকিৎসক কর্মকর্তা/শিক্ষক হিসেবে কর্মরত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। ঝ) অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।
২.	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	টাকা ৫৬৫০০- ৭৪৪০০/- (গ্রেড-৩য়)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৩/৪ বছরের স্নাতক (সম্মান) অথবা স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিএসসিইঞ্জিনিয়ারিং/ সমমান ডিগ্রী। খ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে। গ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/ সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/সমপর্যায়ের কাজে কর্মকর্তা পদে কমপক্ষে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতাসহ ন্যূনপক্ষে ৫ম গ্রেডে উপ-রেজিস্ট্রার/উপ-পরিচালক/সমমান পদে ০৪ বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। ঘ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ হতে হবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়। ঙ) অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।
৩.	পরিচালক (অর্থ ও হিসাব)	টাকা ৫৬৫০০- ৭৪৪০০/- (গ্রেড-৩য়)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষায় ৩/৪ বছরের স্নাতক (সম্মান) অথবা স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে। খ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/ সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানে অর্থ ও হিসাব/অডিট/সমপর্যায়ের কাজে কর্মকর্তা পদে কমপক্ষে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতাসহ ন্যূনপক্ষে ৫ম গ্রেডে উপ-পরিচালক/সমমান পদে ০৪ বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। গ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ ও সরকারী বিধি বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়। ঘ) সিএ/সিএমএ ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। ঙ) অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।